গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডুমুরিয়া, খুলনা
www.dumuria.khulna.gov.bd

স্মারক নংঃ ৩১.৪৪.৪৭১৭.০০২.১৫.০০১.২৬-৭৮/ভূমি

তারিখ ১৭ পৌষ, ১৪৩২ / ০১ জানুয়ারি, ২০২৬

এতদ্বারা প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন নিম্নবর্ণিত ২০.০০ একর পর্যন্ত (বদ্ধ) জলমহাল বঙ্গাব্দ ১৪৩৩ হতে ১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত সময়সূচী অনুসারে আবেদন আহবান করা যাচ্ছে। ইজারার নিমিত্ত সরকার কর্তৃক জারীকৃত নির্দিষ্ট আবেদন ফরম জেলা প্রশাসক, খুলনা এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা ও সহকারী কমিশনার (ভূমি),ডুমুরিয়া, খুলনা এর কার্যালয় হতে নগদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) মূল্যে নিম্নলিখিত সময়সূচী মোতাবেক ক্রয় করা যাবে। জলমহালসমূহ যেখানে যে অবস্থায় আছে সে সম্পর্কে নিশ্চিত হয়ে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। পরবর্তীতে জলমহালের আয়তন কম/বেশি সম্পর্কিত কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

**ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর ২৩.১১.২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী জলমহাল ইজারা সংক্রান্ত কার্যক্রমের সময়সূচী নিম্নরূপ :**

| ক্র নং | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ০১. | ২১ পৌষের মধ্যে<br>(০৫ জানুয়ারির মধ্যে) | | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ০২. | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে<br>(১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫ দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০৩. | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে<br>(০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩(তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবদ্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৪. | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে<br>(০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫(পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫. | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে<br>(১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫(পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬. | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে<br>(১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে) | ১৫(পনের) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭. | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্র মধ্যে<br>(১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | ০৩(তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৮. | ০৩ চৈত্র থেকে ১৫চৈত্রের মধ্যে<br>(১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ০৭(সাত) কার্যদিবস | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৯. | ০১ বৈশাখ (১৪ এপ্রিল) | | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

## ১৪৩৩-১৪৩৫ মেয়াদে ২০ একর পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্র নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | আয়তন (একরে) | ১৪৩৩ সনে সরকার নির্ধারিত সম্ভাব্য ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মাগুরখালী | গজালিয়া চক জলমহাল | ১৯.০৮ | ৬,০৩৪/- | |
| ০২ | | জিগলিয়ার খাল | ৫.০২ | ৩,৩৫১/- | |
| ০৩ | | নাথেরকুড় খাল | ৬.৫১ | ৭,৪০৬/- | |
| ০৪ | | পাখিমারা খাল | ৮.৪৬ | ১৬,৮৮৮/- | |
| ০৫ | | তেতুলতলা খাল | ১০.৯৫ | ১৮,৪৩৫/- | |
| ০৬ | | বাইনতলা খাল | ১০.০০ | ৪,৬৭১/- | |
| ০৭ | | মাঠভাঙ্গা | ৪.০০ | ৭,৮৪৯/- | |
| ০৮ | | কোড়াকাটা বদ্ধ জলমহাল | ৬.০০ | ১১,০৯৮/- | |

E:\NASIM-DU\জলমহাল সংক্রান্ত\1433-1435 সনের ইজারা বিজ্ঞপ্তি.docx

| ক্র নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | আয়তন (একরে) | ১৪৩৩ সনে সরকার নির্ধারিত সম্ভাব্য ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৯ | মাগুরখালী | লাঙ্গালমোড়া (বদ্ধ) জলমহাল | ১৩.৭৮ | ৪,৮২৬/- | |
| ১০ | | শিবনগর মৌজা তালতলা | ৪.৪০ | ৫,২৭৫/- | |
| ১১ | | নেকড়া জড়ান খাল | ৮.৩৬ | ২০,৪০৩/- | |
| ১২ | | কোড়াকাটা জলমহাল | ৬.০০ | ২,৪৫০/- | |
| ১৩ | | খোরের আবাদ জলকর | ৯.২৮ | ৭,১৬৭/- | |
| ১৪ | | বটের কেনা লেক | ৪.০০ | ২,৭৫৭/- | |
| ১৫ | | দোয়ানিয়া খাল | ৩.৪৮ | ১,৫৪৪/- | |
| ১৬ | শরাফপুর | পচাখোলার খাল | ৬.৭৮ | ৯৪৩/- | |
| ১৭ | | কামার গোদা খাল | ৭.০০ | ৪,৪২৫/- | |
| ১৮ | | বালার খাল | ৭.৩৫ | ৫,২৭১/- | |
| ১৯ | | শরাফপুর মৌজা জলকর | ১৯.৪২ | ৮,১৭৮/- | |
| ২০ | | সীতামারী (বদ্ধ) জলমহাল | ৩.৮০ | ৭,৯৭৯/- | |
| ২১ | | কেয়াখালী খাল জলকর | ১২.৪৭ | ২,২৬৩/- | |
| ২২ | | পাটুয়া ভাঙ্গা (বদ্ধ) | ৪.৩০ | ৭,৯৩৮/- | |
| ২৩ | | হেতালবুনিয়া | ৪.৪০ | ২,৪৮২/- | |
| ২৪ | | পোদ খালী খাল | ৫.০০ | ১০,৫৫৫/- | |
| ২৫ | | শ্যামনগর চক জলকর | ৩.৪৮ | ২,৯৬১/- | |
| ২৬ | | কাঞ্চননগর খাল (বদ্ধ) জলমহাল | ৩.৪২ | ২,৭০৭/- | |
| ২৭ | ভান্ডারপাড়া | নাটুয়াবাড়ী খাল | ১৩.০০ | ৫,৪৯৭/- | |
| ২৮ | | মুচিপোতা খাল | ৬.৭৩ | ৫,৬৩০/- | |
| ২৯ | | তালতলা নদী (বদ্ধ) জলমহাল | ৭.৩৫ | ১,৮৩১/- | |
| ৩০ | শোভনা | বারুইকাটি খাল | ৬.৬৭ | ১,৪৭৬/- | |
| ৩১ | | কাকড়াখালী খাল | ৫.৭৩ | ১৩,৩০২/- | |
| ৩২ | | গোনালী বাওরের খাল | ১০.০০ | ৩,৪১৬/- | |
| ৩৩ | | মেছাঘোনা খাল | ৭.১৩ | ২,৭৭৬/- | |
| ৩৪ | | শিংয়ের দাড়া ছোট দোয়ানিয়া খাল | ৮.০০ | ১০,৫৫৭/- | |
| ৩৫ | | বাগমারা নদী | ১২.০৪ | ১,৩৪২/- | |
| ৩৬ | | হোল্ডিং ৬০৪ (বদ্ধ) জলমহাল | ৮.৯২ | ৪,২৫৫/- | |
| ৩৭ | | উখড়া নদী (বদ্ধ) জলমহাল | ১৭.২৭ | ৬,৩৮৬/- | |
| ৩৮ | | পাচুড়িয়া খাল জলকর | ১৮.৭৯ | ৬,০৫৪/- | |
| ৩৯ | | নিচুখালী চক জলকর | ৮.০০ | ১৭,৩৬৫/- | |
| ৪০ | | চিংড়া মৌজা জলকর | ১১.৩৭ | ১,৮৮৭/- | |
| ৪১ | | আমুড়বুনিয়া চক জলকর | ১০.৩০ | ৪,৬৩১/- | |
| ৪২ | | দোয়ানিয়া খাল | ১০.০০ | ২,১৪৬/- | |
| ৪৩ | গুটুদিয়া | ঘোনাদাড়া খাল | ১৯.০০ | ১,৬৯১/- | |
| ৪৪ | | শিশা খাল | ৩.৪৯ | ২,০৯৪/- | |
| ৪৫ | | মির্জাপুর নদী জলমহাল | ৭.০০ | ১৩,৬৭১/- | |
| ৪৬ | | চান্দমারী খাল | ১৮.৩০ | ২,৬৮২/- | |
| ৪৭ | | রাজবন্দ খাল | ৫.৫২ | ২,৮০৪/- | |
| ৪৮ | | গুটুদিয়া দিঘি | ৩.৫০ | ৯,৯৭৯/- | |
| ৪৯ | | মাগুরখালী নদী | ৯.১৮ | ১,৮৭৫/- | |
| ৫০ | | জিলের ডাঙ্গা মৌজার দোয়ানিয়া | ৩.৯০ | ৫,০৯৪/- | |
| ৫১ | | ছোট কৈয়া জলকর | ১৯.৫০ | ১৩,৩১৩/- | |
| ৫২ | | বাদুরগাছা চক জলকর | ১৯.৬০ | ১১,৬৮৭/- | |
| ৫৩ | | শিবপুর বাদুরগাছা (বদ্ধ) জলমহাল | ১৩.২৮ | ৬,৭০৩/- | |

| ক্র নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | আয়তন (একরে) | ১৪৩৩ সনে সরকার নির্ধারিত সম্ভাব্য ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫৪ | গুটুদিয়া | ডোংগাকাটা খাল | ৫.০০ | ৭,৫৬৯/- | |
| ৫৫ | আটলিয়া | আলোক দিয়া খাল | ১৯.৮৫ | ৭,৪৩৯/- | |
| ৫৬ | | চারা খালী খাল | ১০.০৮ | ১৫,২১১/- | |
| ৫৭ | | খলশী বুনিয়াচক(বদ্ধ) জলমহাল | ১২.৫৩ | ১৭,৬৩৪/- | |
| ৫৮ | | খানাপাড়ীয়া (বদ্ধ) জলমহাল | ১১.০০ | ১৯,১৪৫/- | |
| ৫৯ | | বড় মুড়াবুনিয়া | ৬.৮১ | ১১,০৯৩/- | |
| ৬০ | | বয়ারসিং দোয়ানিয়া খাল | ৯.০৫ | ৯,৯৭৯/- | |
| ৬১ | | তালতলা খাল | ৫.৩৪ | ২,৬৬৩/- | |
| ৬২ | | গোলাপদাহ চক | ১৭.০০ | ১০,৬৭৬/- | |
| ৬৩ | | নলকুড় খাল | ৫.৮৪ | ২,৬৩২/- | |
| ৬৪ | | বাবলা তলা খাল | ১৬.০৪ | ৬,৭৭৪/- | |
| ৬৫ | | আন্দারমানিক জলকর | ১৩.৭৯ | ৪,৯৬২/- | |
| ৬৬ | সাহস | চুচরানাড়ী খাল (বদ্ধ) জলমহাল | ৪.০০ | ২,৫৫৪/- | |
| ৬৭ | | হীরা বৈষ্টমীর খাল | ৫.০০ | ৫,৫১৩/- | |
| ৬৮ | | রমাখালী খাল | ১৭.১০ | ৬,৯১৫/- | |
| ৬৯ | | কাঞ্চননগর (বদ্ধ) জলকর | ৩.৪২ | ২,৭০৭/- | |
| ৭০ | | শুকুরমারী খাল | ৬.৯৪ | ৮,১০৪/- | |
| ৭১ | ডুমুরিয়া সদর | খলসী উত্তর বিল | ১৮.৫৭ | ২,৪২৫/- | |
| ৭২ | | শাহপুর মৌজার বালিয়ার খাল | ৬.০৯ | ১,৯৮৫/- | |
| ৭৩ | | ঢোলভাঙ্গা খাল জলকর | ১০.০০ | ৪,১৯০/- | |
| ৭৪ | | গোলনা খাল (বদ্ধ) জলকর | ৪.৯১ | ১৩,৫৬১/- | |
| ৭৫ | খর্নিয়া | গোনালী বারওয়ানীর খাল | ১৮.২৩ | ৩,৪১৬/- | |
| ৭৬ | | টিপনার দোয়ানিয়া(বদ্ধ) জলমহাল | ১৭.১৩ | ২,২৩৫/- | |
| ৭৭ | রঘুনাথপুর | মাধবকাটি খাল | ১৬.৮০ | ৭,১০০/- | |
| ৭৮ | | শাহপুর মৌজার জলকর | ৯.৭৫ | ৩৫২৮/- | |
| ৭৯ | | মধুগ্রাম জলকর | ৫.৫৮ | ৩,৫২৮/- | |
| ৮০ | | দহাকুলা বিল জলকর | ১৮.০০ | ৭,৫৮৪/- | |
| ৮১ | রংপুর | রংপুর মৌজার কাটাখাল | ৮.৪৭ | ২,৭৫৮/- | |

## শর্তাবলীঃ

১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায়/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল বন্দোবস্তের জন্য আবেদন করতে পারবে। তবে এক্ষেত্রে যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতি অগ্রাধিকার পাবে। কোন ব্যক্তি বা নিবন্ধন বিহীন সংগঠন আবেদন করতে পারবে না।

২। আগ্রহী সমিতির সভাপতি/সম্পাদককে আগামী ১৫/০১/২০২৫ খ্রি. হতে ২৯/০১/২০২৫ খ্রি. (০১ মাঘ হতে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ)এর মধ্যে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে জলমহাল ইজারার আবেদন করতে পারবেন।

৩। ০১/০২/২০২৬ খ্রি. (১৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ) এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অর্থা ০৩/০২/২০২৬ খ্রি. (২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ) তারিখের মধ্যে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনার বরাবরে দাখিল করতে হবে।

৪। সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% স্থানীয় সোনালী ব্যাংক লিঃ থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার হিসাবে জামানত উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনাকে সম্বোধন করত: আবেদনের সাথে দাখিল করতে হবে অন্যথায় আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে।

৫। জলমহাল ইজারা সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে ইজারা মূল্যসহ সরকার নির্ধারিত উদ্বৃত্ত ১০% আয়কর (কোড নং- ১-১১১১-০০০০-০১১১) ও ১৫% ভ্যাট সহ (কোড নং ১-১১৩৩-০০০০-০৩১১) সমুদয় ইজারা মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ইজারা বাতিল সহ জামানত বাবাদ জমাকৃত টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

৬। প্রথম বৎসর ইজারা মূল্য পরিশোধের সঙ্গে সঙ্গে আবেদনকারীকে ইজারা চুক্তি ৩০০/- (তিনশত) টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদন করতে হবে অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন অজর আপত্তি গ্রহণ করা যাবে না।

৭। আবেদন পত্র দাখিলের পূর্বে জলমহালের অবস্থান, আয়তন ইত্যাদি প্রত্যক্ষ ভাবে যাচাই-বাছাই করে আবেদন পত্র দাখিল করতে হবে। এ বিষয়ে পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৮। আবেদন পত্র দাখিলের প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানা সহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানা সহ) সংযুক্ত করবেন।

৯। আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করবেন ও বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন।

১০। আবেদনকারী কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠনের এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি/ সংগঠন জলমহাল বন্দোবস্ত পাওয়ার অযোগ্য বিবেচিত হবে।

১১। আবেদন পত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্র সহ য়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

১২। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতিতে ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা পাওয়ার জন্য সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/ উৎপাদন সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করতে হবে।

১৩। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতির কার্যক্রম সম্পর্কিত প্রমাণ স্বরূপ জেলা/ উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

১৪। আবেদনপত্র যাচাই-বাছাই করত: উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন সাপেক্ষে জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-০৯ যাবতীয় শর্ত বিবেচনা করে আলাপ-আলোচনার ভিত্তিতে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হবে। সিদ্ধান্ত প্রদান ১৫ কার্য দিবসের মধ্যে সরকারের নির্ধারিত ইজারা মূল্যসহ ৫% আয়কর ও ১৫% ভ্যাটসহ সমুদয় ইজারা মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় জামানত বাতিল সহ জমাকৃত টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১৫। কোন জলমহাল/জলমহালের অংশ বিশেষের উপর মন্ত্রণালয়ের/দেওয়ানী আদালতের স্থিতি আদেশ/ নিষেধাজ্ঞা থাকলে তাহা এ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা না হলেও ইজারা বহির্ভূত থাকবে। মামলা আছে কিন্তু, স্থিতি আদেশ বা নিষেধাজ্ঞা আদেশ নেই এরূপ জলমহাল ইজারা প্রদান করা যাবে না।

১৬। মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে যাচাই-বাছাই এর ক্ষেত্রে কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বে কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা যাবে না।

১৭। ইজারা গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে বন্দোবস্তকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ বা কোন ব্যক্তি গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না বা অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তাহা করে তাহলে উক্ত ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জামানত সহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত ইজারা গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বৎসর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৮। ২য় বৎসরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরে ইজারা মূল্য একইভাবে পরবর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল বলে গণ্য হবে। ইজারা মূল্য প্রদানের জন্য কোন প্রকার নোটিশ প্রদান করা হবে না।

১৯। উপরোক্ত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয় জানা প্রয়োজন হলে তাহা সংশ্লিষ্ট অফিস হতে জানা যাবে।

২০। কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময়ে ইজারা বাতিলের ক্ষমতা সংরক্ষণ রাখে।

03/10/26

(সবিতা সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ডুমুরিয়া. খুলনা

তারিখ : ১৭ পৌষ, ১৪৩২
০১ জানুয়ারি, ২০২৬

স্মারক নং: ৩১.৪৪.৪৭১৭.০০২.১৫.০০১.২৬/১৮ (১৫)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে লটকিয়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো:-

০১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
০২। জেলা প্রশাসক, খুলনা
০৩। ....................................... সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, ডুমুরিয়া, খুলনা
০৪। সহকারী প্রোগ্রামার আইসিটি, ডুমুরিয়া, খুলনা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
০৫। চেয়ারম্যান.......................................ইউনিয়ন পরিষদ, ডুমুরিয়া, খুলনা
০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .................ইউনিয়ন ভূমি অফিস, ডুমুরিয়া, খুলনা।
০৭। জনাব ......................................................সভাপতি/সম্পাদক, মৎস্যজীবী সমবায় সমিতি লি. ডুমুরিয়া, খুলনা

(অমিত কুমার বিশ্বাস)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ডুমুরিয়া, খুলনা

০৭/০১/২০২৬

E:\NASIM-DU\জলমহাল সংক্রান্ত\1433-1435 সনের ইজারা বিজ্ঞপ্তি.docx